সেট ক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০১৮

নবম শ্রেণি

বিষয়- বাংলা ২য় পত্র (আবশ্যিক) **বিষয় কোড: ১০২**

(বহুনির্বাচনি)

সময়: ৩০ মিনিট **পূর্ণমান: ৩০**

[বি: দ্র: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক এবং সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান - ১।]

১। সাধু রীতির বৈশিষ্ট্য কোনটি?
ক) গুরুগম্ভীর খ) সহজবোধ্য
গ) পরিবর্তনশীল ঘ) তদ্ভব শব্দবহুল

২। বর্তমানে পৃথিবীতে ভাষা আছে-
ক) আড়াই হাজার খ) আড়াই হাজারের বেশি
গ) সাড়ে তিন হাজার ঘ) সাড়ে তিন হাজারের বেশি

৩। 'পাত্র' কোন ধরণের শব্দ ?
ক) তৎসম খ) অর্ধ-তৎসম
গ) তদ্ভব ঘ) দেশি

৪। 'দারোগা' কোন ভাষার শব্দ ?
ক) গুজরাটি খ) তুর্কি
গ) জাপানি ঘ) পাঞ্জাবি

৫। নিচের কোন ধ্বনিদ্বয় পশ্চাৎ দন্তমূলীয় ?
ক) চ, ছ খ) ত ,থ
গ) ট, ঠ ঘ) ক, খ

৬। 'খ্রিষ্টাব্দ' মিশ্র শব্দটি গঠিত হয়েছে কোন কোন ভাষাযোগে?
ক) ইংরেজি+ফারসি খ) তৎসম+ফারসি
গ) ইংরেজি+তৎসম ঘ) ইংরেজি+বাংলা

৭। একই স্বরের পুনরাবৃত্তি দূর করার জন্য মাঝখানে স্বরধ্বনি যুক্ত হওয়াকে কি বলে ?
ক) ব্যঞ্জনচ্যুতি খ) বিষমীভবন
গ) স্বরসঙ্গতি ঘ) অসমীকরণ

৮। কোন বানানটি ভুল ?
ক) পিণাক খ)ত্রিণয়ন
গ) ব্রাহ্মণ ঘ) দুর্নীতি

৯। পশু+অধম এর সন্ধি-হল -
ক) পশ্বাধম খ) পশ্বধম
গ) পশুধম ঘ) পশাধম

১০। নিচের কোনটি ক্ষুদ্রার্থে স্ত্রীবাচক শব্দ?
ক) বালিকা খ) কনিষ্ঠা
গ) হিমানী ঘ) গীতিকা

১১। কোনটি বাংলা নিত্য স্ত্রীবাচক শব্দ ?
ক) কুলটা খ) বিধবা
গ) এয়ো ঘ) অরক্ষণীয়া

১২। 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর' – কোন পদের দ্বিরুক্তি হয়েছে?
ক) বিশেষ্য খ) অব্যয়
গ) ক্রিয়া ঘ) সর্বনাম

১৩। নিচের কোনটি ক্রিয়া বাচক শব্দের দ্বিরুক্তি ?
ক)ঝির ঝির বাতাস বইছে খ) দেখে দেখে যেও
গ) গরম গরম জিলাপি ঘ) ফিরে ফিরে চায়

১৪। তারিখ বাচক শব্দের প্রথম চারটি কোন নিয়মে গঠিত ?
ক) বাংলা খ) আরবি
গ) হিন্দি ঘ) সংস্কৃত

১৫। 'সন্ধি' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয় ?
ক) ধ্বনিতত্ত্ব খ) রূপতত্ত্ব
গ) বাক্যতত্ত্ব ঘ) অর্থতত্ত্ব

১৬। কিসের ভেদে পদাশ্রিত নির্দেশকেরও বিভিন্নতা প্রযুক্ত হয়?
ক) বচন ভেদে খ) বিভক্তি ভেদে
গ) অর্থ ভেদে গ) কারক ভেদে

১৭। 'দ্বন্দ্ব' সমাস কোন পদ প্রধান ?
ক) পূর্বপদ খ) পরপদ
গ) উভয়পদ ঘ) সমস্তপদ

১৮। 'দোটানা' কোন সমাস?
ক) তৎপুরুষ খ) বহুব্রীহি
গ) কর্মধারয় ঘ) দ্বিগু

১৯। কোনটি নিত্য সমাসের সমস্তপদ?
ক) সেতার খ) গ্রামান্তর
গ) বেতার ঘ) সহোদর

২০। কোনটি বিদেশি ধাতু?
ক) নাচ্ খ) কাঁদ
গ) দৃশ ঘ) ঝুল্

২১। কোনটি শব্দের আদিতে বসে শব্দের অর্থের পরিবর্তন সাধন করে ?
ক) অনুসর্গ খ) বিভক্তি
গ) উপসর্গ ঘ) প্রত্যয়

২২। নিচের কোন উপসর্গজাত শব্দটি তৎসম?
ক) আগাছা খ) আধোয়া
গ) আকাঠা ঘ) আভাস

২৩। 'দত্ত' শব্দের সঠিক প্রকৃতি প্রত্যয় নিচের কোনটি?
ক) √দা+ক্ত খ) √দি+ক্ত
গ) √দো+ক্ত ঘ) √দ+ক্ত

২৪। কিশোর+ষ্ণ=কৈশোর- কী অর্থে তদ্ধিত প্রত্যয় হয়েছে?
ক) অপত্য খ) উপাসক
গ) ভাব ঘ) আদর

২৫। শ, ষ, স ধ্বনি হলো-
ক) ঘোষ অল্পপ্রাণ খ) ঘোষ মহাপ্রাণ
গ) অঘোষ অল্পপ্রাণ ঘ) অঘোষ মহাপ্রাণ

২৬। 'প্রাতিপদিক' এর আরেক নাম কী ?
ক) কৃৎ প্রত্যয় খ) তদ্ধিত প্রত্যয়
গ) ক্রিয়া প্রকৃতি ঘ) নাম প্রকৃতি

২৭। নিচের কোনটি যৌগিক শব্দ?
ক) গায়ক খ) প্রবীণ
গ) তৈল ঘ) জলধি

২৮। 'সন্দেশ' শব্দটির প্রকৃতি ও প্রত্যয়গত অর্থ কী ?
ক) অন্যদেশ খ) সুস্বাদু খাবার
গ) সংবাদ ঘ) মিষ্টান্ন

২৯। 'উৎকোচ' শব্দের উৎ উপসর্গের অর্থ কী?
ক) উৎকর্ষ খ) অপকর্ষ
গ) আতিশয্য ঘ) পুনরায়

৩০। নিচের কোনটি অপিনিহিতির উদাহরণ?
ক) বাইক্য খ) সত্য
গ) সত্যি ঘ)সাধু

সেট ক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০১৮

নবম শ্রেণি

বিষয়- বাংলা ২য় পত্র (আবশ্যিক) বিষয় কোড: ১০২

(রচনামূলক)

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্নমান: ৭০

[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তর সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়]

১। যে কোনো **একটি** বিষয়ে অনুচ্ছেদ লেখ: ১০

ক) স্বদেশ প্রেম

খ) কম্পিউটার

২। মনে কর, তোমার নাম রাশেদ/রশিদা, তোমার বন্ধুর নাম জুয়েল/জলি। তোমার বন্ধুর বাবার মৃত্যুতে সমবেদনা জানিয়ে বন্ধুকে একটি পত্র লেখ। ১০

অথবা,

মনে কর, তুমি নিলয়/মনিকা, বান্দরবান জেলার মানিকছড়ি উচ্চ বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী। বিদ্যালয়ের দরিদ্র তহবিল হতে সাহায্য চেয়ে প্রধান শিক্ষক বরাবর একটি আবেদন পত্র লেখ।

৩। ক) সারাংশ লেখ: ১০

অতীতকে ভুলে যাও। অতীতের দুশ্চিন্তার ভার অতীতকেই নিতে হবে। অতীতের কথা ভেবে ভেবে অনেক বোকাই মরেছে। আগামীকালের বোঝা অতীতের বোঝার সঙ্গে মিলে আজকের বোঝা সবচেয়ে বড় হয়ে দাঁড়ায়। ভবিষ্যতকেও অতীতের মতো দৃঢ়ভাবে দূরে সরিয়ে দাও। আজই তো ভবিষ্যৎ। ভবিষ্যৎকাল বলে কিছু নেই। মানুষের মুক্তির দিন তো আজই। আজই ভবিষ্যতের কথা যে ভাবতে বসে সে ভোগে শক্তিহীনতায়, মানসিক দুশ্চিন্তায় ও স্নায়ুবিক দুর্বলতায়। অতএব, অতীতের এবং ভবিষ্যতের দরজায় আগল লাগাও আর শুরু কর দৈনিক জীবন নিয়ে বাঁচতে।

অথবা,

খ) সারমর্ম লেখ:

তরু তলে বসে পান্থ শ্রান্তি করে দূর,
ফল আস্বাদনে পায় আনন্দ প্রচুর।
বিদায়ের কালে হাতে ডাল ভেঙে লয়,
তরু তবু অকাতর কিছু নাহি কয়।
দুর্লভ মানবজন্ম পেয়েছ যখন,
তরুর আদর্শ কর জীবনে গ্রহণ।
পরার্থে আপন সুখ দিয়ে বিসর্জন,
তুমিও হও গো ধন্য তরুর মতোন।

৪। যে কোনো **একটি** ভাব-সম্প্রসারণ লেখ: ১০

ক) গ্রন্থগত বিদ্যা আর পর হস্তে ধন
নহে বিদ্যা, নহে ধন, হলে প্রয়োজন।

খ) দুর্নীতি জাতীয় জীবনের সকল উন্নতির অন্তরায়।

৫। নিচের যে কোনো **একটি** বিষয়ে প্রতিবেদন প্রণয়ন কর: ১০

ক) তোমার বিদ্যালয়ের গ্রন্থাগারের বর্ণনা দিয়ে প্রধান শিক্ষক বরাবর একখানা প্রতিবেদন প্রণয়ন কর।

খ) মনে কর, তুমি কামাল/মুন্নী, দৈনিক সমাচার পত্রিকার একজন প্রতিনিধি। নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধির কারণ ও প্রতিকার জানিয়ে পত্রিকায় প্রকাশ উপযোগী একটি প্রতিবেদন প্রণয়ন কর।

৬। যে কোনো **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা কর: ২০

ক) বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্য

খ) অধ্যবসায়

গ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান